

## বেসরকারি শিক্ষকদের চাকরির বয়স বাড়ানোর পরিকল্পনা নেই : শিক্ষামন্ত্রী

যাযায়দিন রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের চাকরির বয়স বর্তমানে ৬০ বছর পর্যন্ত বলবৎ আছে। তাদের চাকরির বয়স আরো ২ বছর বাড়ানোর কোনো পরিকল্পনা সরকারের নেই।

যে. ফরিদুল হক খানের এক প্রশ্নের জবাবে যুগ্মসভার তিনি সংসদে এ কথা বলেন। তিনি বলেন, বর্তমান সরকার দায়িত্ব গ্রহণ করার পর সরকারি চাকরিজীবীদের বয়স সীমা ২ বছর বাড়িয়ে ৫৯ বছর নির্ধারণ করেছে। যে. তাজুল ইসলামের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আধুনিক বিশ্বের সঙ্গে প্রতিযোগিতায় আমাদের দেশের ছাত্রছাত্রীরা যাতে টিকে থাকতে পারে সেজন্য শিক্ষা ব্যবস্থার পাঠ্যপুস্তক ও পাঠদান আধুনিকায়নে সরকারের পরিকল্পনা বাস্তবায়নধীন রয়েছে। জয়নাল আবদিন ফারুকের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, একশ' ভাগ উপবৃত্তি প্রদানের কোনো পরিকল্পনা আপাতত নেই। তবে ডিগ্রি পর্যন্ত শিক্ষা অবৈতনিক করার সক্রিয় চিন্তা-ভাবনা সরকারের রয়েছে। নূর ই হাসনা লিলি চৌধুরীর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, সারাদেশে দাখিল ও আলিম পর্যায়ের মোট ৮ হাজার ১৮০টি মাদ্রাসা রয়েছে। এর মধ্যে ৬ হাজার ৪৭১টি এমপিওভুক্ত। ফরিদুল হকের লাইসেন্সের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, দেশের ৪৯টি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে বিভিন্ন তরের প্রায় ৪৫ থেকে ৭০% শিক্ষকের পদ শূন্য রয়েছে। মুহাম্মদ ইমাজ উদ্দিন প্রামাণিকের এক প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ডা. আফসারুল আমিন বলেন, চলতি (২০১১-২০১২) অর্থবছরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে ১১ হাজার ৭০ জন এবং প্রধান শিক্ষক পদে ১ হাজার ৮২৬ জন শিক্ষক নিয়োগ দেয়ার পরিকল্পনা রয়েছে। আফরুল ইসলাম চৌধুরীর এক প্রশ্নের জবাবে তিনি বলেন, গণশিক্ষা কার্যক্রম ও গণ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়নে এনজিওদের সম্পৃক্ততা রয়েছে। এনজিওরা নিজস্ব অর্থায়নে অথবা সরাসরি নাতা সংস্থার নিকট থেকে সাহায্য নিয়ে যেসব কার্যক্রম বাস্তবায়ন করে সেসব ক্ষেত্রে তাদের নিজস্ব ক্যারিকুলাম রয়েছে। আর সরকারের আওতাধীন প্রকল্পের ক্ষেত্রে এনজিওগুলো সরকারের নির্ধারিত ক্যারিকুলাম অনুসরণ করে থাকে।